# সহজ ফিকহ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যয়: ইবাদাত

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

গোসল

ক- গোসলের শাব্দিক ও পারিভাষিক পরিচিতি:

দম্মা যোগে (الغُسل) গুসল অর্থ পানি, ফাতহা যোগে (الغَسل) গাসল অর্থ গোসল করা আর কাসরা যোগে (الغِسل) গেসল অর্থ পরিস্কার করার উপাদান।

শরী‘আতের পরিভাষায়, নির্দিষ্ট পদ্ধতিতে মাথার অগ্রভাগ থেকে পায়ের নিচ পর্যন্ত সারা শরীরে পবিত্র পানি প্রবাহিত করা। এতে নারী ও পুরুষ সবাই সমান, তবে হায়েয ও নিফাসের গোসলের সময় রক্তের চিহ্ন পরোপুরিভাবে দূর করতে হবে যাতে রক্তের দুর্গন্ধ দূর হয়।

খ- গোসল ফরয হওয়ার কারণসমূহ:

গোসল ফরয হওয়ার কারণ ছয়টি:

১- নারী বা পুরুষের কামভাবের সাথে সজোরে বীর্য বের হওয়া।

২- পুরুষাঙ্গের অগ্রভাগ স্ত্রীর যৌনাঙ্গের ভিতর প্রবেশ করলে।

৩- আল্লাহর রাস্তায় শহীদ ব্যতীত অন্যসব মুসলিম মারা গেলে গোসল ফরয।

৪- প্রকৃত কাফির বা মুরতাদ ইসলাম গ্রহণ করলে।

৫- হায়েয হলে।

৬- নিফাস হলে।

গ- ইসলামে মুস্তাহাব গোসলসমূহ:

১- জুমু‘আর দিনের গোসল।

২- ইহরামের গোসল।

৩- মাইয়্যেতকে গোসলকারী ব্যক্তির গোসল।

৪- দুই ‘ঈদের গোসল।

৫- কারো পাগল বা বেহুশ অবস্থা কেটে গেলে।

৬- মক্কায় প্রবেশের গোসল।

৭- সূর্যগ্রহণ ও বৃষ্টি প্রার্থনার সালাতের জন্য গোসল।

৮- মুস্তাহাযা তথা প্রদররোগগ্রস্তা নারীর প্রতি ওয়াক্ত সালাতের জন্য গোসল।

৯- সব ধরণের ভালো সম্মেলনের জন্য গোসল।

ঘ- গোসলের শর্তাবলী:

গোসলের শর্তাবলী সাতটি:

১- যে কারণে গোসল ফরয হয় তা শেষ হওয়া।

২- নিয়ত করা।

৩- ইসলাম।

৪- আকল বা বুদ্ধি-বিবেক।

৫- ভালো-মন্দ পার্থক্যকারী তথা প্রাপ্ত বয়স্ক হওয়া।

৬- পবিত্র ও বৈধ পানি।

৭- চামড়ায় পানি পৌঁছতে বাধা থাকলে তা দূর করা।

ঙ- গোসলের ওয়াজিবসমূহ:

গোসলের ওয়াজিব হলো বিসমিল্লাহ বলা, ভুলে গেলে এ ওয়াজিব রহিত হয়ে যায়, ইচ্ছাকৃত বাদ দিলে ওয়াজিব ছুটে যাবে।

চ- গোসলের ফরযসমুহ:

নিয়ত করা, সমস্ত শরীরে পানি প্রবাহিত করা, মুখ ও নাকে পানি প্রবেশ করানো। পানি পৌঁছল কিনা এ ব্যাপারে প্রবল ধারণা হলেই যথেষ্ট হবে।

কেউ সুন্নাত বা ফরয গোসলের নিয়ত করলে এক নিয়ত অন্য নিয়াতের জন্য যথেষ্ট হবে।

জানাবাত ও হায়েযের গোসল একই নিয়াতে যথেষ্ট হবে।

ছ- গোসলের সুন্নাতসমুহ:

১- বিসমিল্লাহ বলা।

২- গোসলের শুরুতে শরীরে বিদ্যমান অপবিত্রতা বা ময়লা দূর করা।

৩- পাত্র হাত ঢুকানোর পূর্বে দুহাতের কব্জি পর্যন্ত ধোয়া।

৪- গোসলের শুরুতে অযু করা।

৫- ডান দিক থেকে শুরু করা।

৬- ধারাবাহিকতা বজায় রাখা।

৭- সারা শরীরে হাত মর্দন করা।

৮- গোসল শেষে দুপা অন্য স্থানে সরে ধৌত করা।

জ- গোসলের মাকরূহসমূহ:

গোসলে নিম্নোক্ত কাজ করা মাকরূহ:

১- পানির অপব্যয় করা।

২- অপবিত্র স্থানে গোসল করা।

৩- দেয়াল বা পর্দা ছাড়া খোলা জায়গায় গোসল করা।

৪- স্থির পানিতে গোসল করা।

ঝ- জুনুবী বা বড় অপবিত্র ব্যক্তির জন্য যেসব কাজ করা হারাম:

১- সালাত আদায় করা।

২- বাইতুল্লাহর তাওয়াফ করা।

৩- গিলাফ ব্যতীত কুরআন স্পর্শ করা ও বহন করা।

৪- মসজিদে বসা।

৫- কুরআন পড়া।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9608

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন